



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ২৭ ফেব্রুয়ারী ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

কমলছড়ি ও বেতছড়ি গ্রামে পাহাড়িদের উপর হামলাকারী ও উস্কানিদাতাদের গ্রেফতার ও বিচারের দাবি

গণতান্ত্রিক যুব ফোরামের কেন্দ্রীয় সভাপতি নতুন কুমার চাকমা, পাহাড়ি ছাত্র পরিষদের কেন্দ্রীয় সভাপতি খুইকাচিং মারমা ও হিল উইমেন্স ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি কণিকা দেওয়ান আজ ২৭ ফেব্রুয়ারী ২০১৪ বৃহস্পতিবার সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে খাগড়াছড়ি সদর উজেলার কমলছড়ি ও বেতছড়ি গ্রামে পাহাড়িদের উপর হামলাকারী ও হামলার উস্কানিদাতাদের গ্রেফতার ও বিচারের দাবি জানিয়েছেন।

বিবৃতিতে তারা বলেন, গত ২৫ ফেব্রুয়ারী খাগড়াছড়ি শহরের শাপলা চত্বরে বাঙালি ছাত্র পরিষদ নামধারী একটি উগ্র সাম্প্রদায়িক সংগঠনের উদ্যোগে সবিতা চাকমার হত্যার ঘটনায় ট্রাক চালক মো: নিজাম সহ তার সহযোগীদের জড়িত করার প্রতিবাদ জানিয়ে এক মানববন্ধন করা হয়। উক্ত মানববন্ধনে খাগড়াছড়ি পৌর মেয়র রফিকুল আলম উস্কানিমূলক বক্তব্য দিয়ে সেটলারদের উস্কে দেন। এরপর এক গোপন পরিকল্পনা অনুসারে সেটলাররা মিছিল সহকারে কমলছড়িতে গিয়ে পাহাড়িদের বিরুদ্ধে উস্কানিমূলক ও অশ্লীল ভাষায় শ্লোগান দেয় এবং হামলা চালায়। এ হামলায় ২ জন পাহাড়ি গুরুতর আহত হয়।

বিবৃতিতে তারা আরো বলেন, কমলছড়ি হামলার ঘটনার রেশ না কাটতেই ২৬ ফেব্রুয়ারী আবারো সেটলার বাঙালিরা বেতছড়ি গ্রামে হামলা চালায়। এতে ১০ম শ্রেণীর এক স্কুলছাত্রী সহ একই পরিবারের ২ জন(মা-ছেলে) গুরুতর আহত হয়। এছাড়া হামলাকারীরা বেতছড়ি চৈত্যাদর্শ বৌদ্ধ বিহার সহ পাহাড়িদের ঘরবাড়িতে ইট-পাটকেল নিক্ষেপ, জিনিসপত্র ভাংচুর ও লুটপাট চালায়।

বিবৃতিতে তিন সংগঠনের নেতৃবৃন্দ অভিযোগ করে বলেন, ঘটনার সময় সেনাবাহিনীসহ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সকল সংস্থার লোকজন উপস্থিত থাকলেও হামলাকারীদের বাধা না দিয়ে তাদের সহযোগিতা দিয়েছে। এতে করে হামলাকারীরা পাহাড়িদের উপর হামলা চালাতে উৎসাহিত হয়। ইতিপূর্বে তাইন্দং হামলা সহ বিভিন্ন সময়ে ঘটে যাওয়া সাম্প্রদায়িক হামলার সময়ও আইন-শৃঙ্খলা বাহিনী একই ভূমিকা পালন করার প্রমাণ রয়েছে। এযাবত সংঘটিত হামলার ঘটনায় জড়িতদের বিরুদ্ধে যথাযথ শাস্তির ব্যবস্থা গ্রহণ না করায় পাহাড়িদের উপর বার বার এ ধরনের সাম্প্রদায়িক হামলা ঘটছে।

নেতৃবৃন্দ ঘটনার সুষ্ঠু তদন্তে পাহাড়িদের সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা, হামলাকারী ও তাদের উস্কানিদাতাদের খুঁজে বের করে গ্রেফতার ও বিচার, আহতদের যথাযথ চিকিৎসা ও ক্ষতিপূরণ প্রদান, সবিতা চাকমার হত্যাকারীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি, উগ্রসাম্প্রদায়িক গোষ্ঠীকে মদদদান বন্ধ করা, সেটলারদের মানবচাল হিসেবে ব্যবহার বন্ধ করে তাদের জীবিকা নিশ্চয়তা সহ পার্বত্য চট্টগ্রাম থেকে প্রত্যাহার করে সমতলে পুনর্বাসন এবং ভবিষ্যতে যাতে এ ধরনের ঘটনা না ঘটে তার জন্য নিশ্চয়তা বিধানের জোর দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ